যুগান্তর

তারিখ ০ 8 FEB 2018
পৃষ্ঠা ২০ কলাম ৫

# এইচএসসি পরীক্ষা শুরু ২ এপ্রিল

## ঢুকতে হবে আধাঘণ্টা আগে

যুগান্তর রিপোর্ট

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হবে আগামী ২ এপ্রিল। বুধবার পরীক্ষার সময়সূচি চূড়ান্ত করেছে শিক্ষা মন্ত্রণালয়। সময়সূচি অনুযায়ী লিখিত পরীক্ষা শেষ হবে ১৩ মে।

ঢাকা শিক্ষাবোর্ডের এক কর্মকর্তা জানান, ১ এপ্রিল শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকায় একদিন পর পরীক্ষা শুরু হচ্ছে। সময়সূচিতে দেয়া শর্ত অনুযায়ী চলতি এসএসসি পরীক্ষার মতো এইচএসসিতেও পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের পরীক্ষার

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৫

## এইচএসসি পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

কক্ষে গিয়ে বসতে হবে। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কেউ কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। এ রকম আরও কয়েকটি শর্ত দেয়া হয়েছে।